‘জাকিরুল আলম জাকির সিলেট মহানগর যুবলীগের কেউ নয়’

চেম্বার ডেস্ক:: র্যাব-৯ এর হাতে আটক জাকিরুল আলম জাকির সিলেট মহানগর যুবলীগের কোন কর্মী নয় বলে জানিয়েছে সিলেট মহানগর যুবলীগ। আজ মঙ্গলবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছেন সিলেট মহানগর যুবলীগের সভাপতি আলম খান মুক্তি ও সাধারণ সম্পাদক মুশফিক জায়গীদার।

বিবৃতিতে তারা বলেন, কেন্দ্রীয় ও স্থানীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে সম্মেলনে সরাসরি নেতাকর্মীদের ভোটের মাধ্যমে ২০১৯ সালের ২৭ জুলাই আমাদেরকে সভাপতি ও সাধারণ সম্পাদক মনোনীত করে কমিটি গঠন করা হয়। এখন পর্যন্ত কোন পূর্ণাঙ্গ কমিটি গঠন হয়নি। কিন্তু একটি স্বার্থান্বেষী মহল নিজেদের স্বার্থ হাসিলে র্যাবের হাতে আটক হওয়া জাকিরুল আলম জাকিরকে সিলেট মহানগর যুবলীগের কর্মী হিসেবে মনে করছেন এবং বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক্স মিডিয়া ও অনলাইন নিউজ পোর্টালে সংবাদ প্রচার করা হচ্ছে। মূলত জাকির সিলেট মহানগর যুবলীগের কেউ নয় এবং নিষেধাজ্ঞার কারণে বিগত দুই বছর যাবত তাকে সিলেট মহানগর যুবলীগের কোন রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করতে দেওয়া হয়নি। এ ধরনের সংবাদ প্রচারে বিরত থাকার জন্য সাংবাদিকবৃন্দের প্রতি আহ্বান জানান তারা।

বিবৃতিতে যুবলীগ নেতারা আরো বলেন, সিলেট মহানগর যুবলীগে কোন সন্ত্রাসী, ছিনতাইকারী ও মাদকাসক্তের স্থান নেই। সিলেট মহানগর যুবলীগ একটি সুশৃংখল ও শক্তিশালী ইউনিট। এখন পর্যন্ত সংগঠনের কোন দুর্নাম নেই, যা সিলেটের সুশীল সমাজ, সাংবাদিকসহ বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ অবগত রয়েছেন।

সিলেট মহানগর যুবলীগকে জড়িয়ে বিভ্রান্ত মুলক সংবাদ প্রচার না করার জন্য সাংবাদিকবৃন্দের প্রতি অনুরোধ জানান তারা।